দিন-৯

**১। শিরোনাম: শিশুরা কীভাবে শেখে (স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার, হাউয়ার্ড গার্ডনার)?**

**২। মূলভাব:** শিশু নানা উপায়ে নানা মাধ্যমে শিখতে থাকে। শুধু মাত্র বিদ্যালয়, বই - পত্র বা শিক্ষকের কাছ থেকেই শিশু শিখে না বরং চিন্তা করে, দেখে, শুনে, পর্যবেক্ষণ করে, অনুশীলন করে শিশু শিখতে থাকে। শিশুর এই শিখন নিশ্চিত করার ক্ষেত্রে মা-বাবা, শিক্ষক তথা বড়দের রয়েছে বিরাট ভূমিকা। শিক্ষার্থীর কার্যকর শিখন নিশ্চিত করার জন্য বিভিন্ন শিক্ষাবিদ বিভিন্ন তত্ত্ব বা মতবাদ দিয়েছেন। শিখন সম্পর্কিত যত তত্ত্ব কথাই আলোচনা করা হোক না কেন 'theory must be translate in action' -আর এই কাজটি যিনি করেন তিনি হলেন শিক্ষক।বিদ্যালয়ে শিখন-শেখানো কার্যক্রমে বিভিন্ন শিখনতত্ত্ব প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীর পুরোপুরি শিখন নিশ্চিত করার যোগ্যতা সম্পন্ন কার্যকর শিক্ষক তৈরির দায়িত্বে রয়েছেন পিটিআই ইন্সট্রাক্টর বৃন্দ। শিশুর শিখন নিশ্চিত করার ক্ষেত্রে শিখন তত্ত্বগুলো কীভাবে কাজ করে এই বিষয়টি তাদের জন্য অতীব গুরুত্বপূর্ণ।

**৩। সময় :** ১ ঘন্টা ১৫ মিনিট

**৪। শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

ক) শিশুরা কীভাবে শেখে এ সম্পর্কে বলতে পারবেন।

খ) স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার এবং হাউয়ার্ড গার্ডনার এর শিখন তত্ত্বের মূলবক্তব্য সম্পর্কে বলতে পারবেন।

গ) স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার এবং হাউয়ার্ড গার্ডনার এর শিখন তত্ত্ব শ্রেণিকক্ষে কীভাবে প্রয়োগ করা যায় তা জানবেন।

**৫। পদ্ধতি/কৌশল :** প্রশ্নোত্তর আলোচনা, প্রদর্শন, শনাক্তকরণ, প্লেনারি আলোচনা, দলগতকাজ, উপস্থাপন,

**৬। সহায়ক সামগ্রী :** ভিপ কার্ড, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র,মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

**৭। অধিবেশনের বিবরণ**

**কাজ-১ :** শিশুরা কীভাবে শেখে? **সময়:** ১৫ মিনিট

- 'শিশুরা কীভাবে শেখে' এবিষয়ে অংশগ্রহণকারীদের ১মিঃ চিন্তা করতে বলুন। এবার জোড়ায় আলোচনা করে ভিপ কার্ডে লিখতে বলুন। ভিপ কার্ড গুলো সংগ্রহ করে বোর্ডে সাজান। সম্ভাব্য উত্তর গুলো হতেপারে- বই পড়ে, স্কুল, কলেজ, বিশ্বদ্যিালয়ে শিক্ষকের পাঠদান থেকে হাতে কলমে,পরিবারের বড়দের অনুকরণ কওে, কাজ করার মাধ্যমে , পরিবারের সংস্কৃতি ও কৃষ্টি দেখে, অপরের আলোচনা শুনে, সমাজের অন্যান্য ব্যক্তি ও গোষ্ঠীর কার্যকলাপ দেখে, অপরকে কাজ করতে দেখে, অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে, কোন কিছু লিখতে লিখতে, পত্র-পত্রিকা পাঠ করে, ভুল করে করে, রেডিও ও টেলিভিশন শুনে ও দেখে, বার বার অনুশীলন করে, গবেষণার মাধ্যমে, পরিবেশ ও প্রকৃতি দেখে, বেশি বেশি চিন্তার মাধ্যমে, কারো কাছ থেকে শুনে, বস্তু বা ঘটনা পর্যবেক্ষণ করে ইত্যাদি ।
- বলুন সকলের শিখনের ধরন এক নয়, প্রত্যেকেই ভিন্ন ভিন্নভাবে শেখে। ভিন্ন ভিন্ন শিখন চাহিদা সম্পন্ন শিশুর শিখন নিশ্চিত করার জন্য বিভিন্ন শিক্ষাবিদ শিখন সম্পর্কিত বিভিন্ন তত্ত্ব বা মতবাদ দিয়েছেন। পরবর্তীতে আমরা সেগুলো নিয়ে আলোচনা করব।

দিন-৯

**কাজ-২ :** স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার এবং হাউয়ার্ড গার্ডনার এর শিখন তত্ত্বের মূলবক্তব্য। **সময়:** ৩০ মিনিট

- অংশগ্রহনকারীদের ৫ টি দলে ভাগ করুন । প্রতিটি দলকে আলোচ্য তত্ত্বগুলো থেকে ১টি করে তত্ত্বের তথ্যপত্র দিন। তত্ত্বের মূলবক্তব্য দলে আলোচনা করে সংক্ষেপে পোষ্টার পেপার/ল্যাপটপ-এ লিখে উপস্থাপন করতে বলুন ।
- শিক্ষার্থীদের উপস্থাপনা ও ধারণাকে সমৃদ্ধ করার জন্য আপনি উপযুক্ত প্রশ্ন করুন, ফলাবর্তন দিন।

**কাজ-২ :** স্কিনার, জ্যাঁ পিয়াজে, ভিগটস্কি, ব্রুনার এবং হাউয়ার্ড গার্ডনার এর শিখন তত্ত্ব কীভাবে শিশুর শিখনে সহায়তা করে তা ব্যাখ্যা করা। **সময়:** ৪০ মিনিট

- অংশগ্রহনকারীদের পুর্বের ৫ টি দলে কাজ করতে দিন । প্রতিটি দলকে আলোচ্য তত্ত্ব গুলোর 'তথ্যপত্র' পড়তে দিন ।
- শ্রেণিতে কীভাবে উক্ত তত্ত্বের প্রয়োগ করা যায় দলে আলোচনা করে সংক্ষেপে পোষ্টার পেপার/ল্যাপটপ-এ লিখতে বলুন।
- লিখা হয়ে গেলে উপস্থাপন করতে বলুন ।
- আপনি শিক্ষার্থীদের উপস্থাপনা ও ধারণাকে সমৃদ্ধ করার জন্য উপযুক্ত প্রশ্ন করুন, ফলাবর্তন দিন।

**৮. মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

- অধিবেশনের বিষয়বস্তুর উপর কিছু প্রশ্ন উত্থাপন করতে পারেন যা তাদের বিষয়টি নিয়ে ভাবতে উৎসাহিত করবে যেমন:
    * Stimulent দিলে response আসে এটি কার তত্ত্ব ?
    * বিকাশের প্রান্তিক অবস্থান (ZPD) কী ?
    * এম.কে.ও কারা হতে পারেন ?

**৯। স্ব-অনুচিন্তন:**

ক) অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।

খ) দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।

দিন-১০

১। **শিরোনাম: স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার ও হাউয়ার্ড গার্ডনার তত্ত্বের আলোকে শ্রেনিকক্ষে পাঠদান।**

২। **মূলভাব:** শিক্ষক প্রশিক্ষক হিসেবে পিটিআই ইন্সট্রাক্টর বৃন্দ বিদ্যালয়ে শিখন শেখানো কার্যক্রমে বিভিন্ন শিখন তত্ত্ব প্রয়োগের মাধ্যমে শিক্ষার্থীর পুরোপুরি শিখন নিশ্চিত করার জন্য শিক্ষকদের হাতে কলমে চর্চার ব্যবস্থা করবেন। সে কারণে তাদের নিজেদের হাতে কলমে চর্চার বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ।

৩। **সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট

৪। **শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

(ক) স্কিনার, জ্যাঁ পিয়াজে ,ভিগটস্কি, ব্রুনার এবং হাউয়ার্ড গার্ডনার এর শিখন তত্ত্ব শ্রেণিকক্ষে প্রয়োগের বাস্তব অনুশীলন করতে পারবেন।

৫। **পদ্ধতি/কৌশল :** সিমুলেসান ক্লাশ, প্রশ্নোত্তর, আলোচনা, দলগতকাজ, উপস্থাপন।

৬। **সহায়ক সামগ্রী :** কার্ড, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র,মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

৭। **অধিবেশনের বিবরণ**

**কাজ-১** : দল গঠন ও সংক্ষিপ্ত পাঠটীকা তৈরি। **সময়:** ২০ মিনিট

- অংশগ্রহনকারীদের ৫ টি দলে ভাগ করুন ।
- ৫ টি দলকে ১টি করে তত্ত্বের আলোকে ভিন্ন ভিন্ন শ্রেণির পাঠ্যপুস্তক থেকে (১ম শ্রেণির বাংলা, ২য় শ্রেণির গণিত, ৩য় শ্রেণির ইংলিশ, ৪র্থ শ্রেণির বিজ্ঞান এবং ৫ম শ্রেণির বাংলাদেশ ও বিশ্ব পরিচয়) সংক্ষিপ্ত পাঠটীকা তৈরি করতে বলুন।

**কাজ-২** : শিখন তত্ত্বের আলোকে পাঠ্যপুস্তক থেকে পাঠ উপস্থাপন। **সময়:** ৬৫ মিনিট

- প্রতিটি দল কে ১০ মিনিটের ১টি করে সিমুলেশান পাঠ উপস্থাপন করতে বলুন যেখানে পূর্বনির্ধারিত একটি তত্ত্বের মূল মেসেজ প্রতিফলিত হয়।
- প্রতিটি দলের উপস্থাপনা শেষে ৩ মিনিট করে অন্যান্য সকলে উপযুক্ত প্রশ্ন করুন, ফলাবর্তন দিন ।

৮। **মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

- অধিবেশনের বিষয়বস্তর উপর কিছু প্রশ্ন উত্থাপন করুন যা বিষয়টি নিয়ে তাদের ভাবতে উৎসাহিত করবে ।

৯। **স্ব-অনুচিন্তন:**

ক) অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।

খ) দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।

১। **শিরোনাম: বয়স্ক শিখন ও David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখনতত্ত্ব।**

২। **মূলভাব:** শিখন একটি জীবনব্যাপী প্রক্রিয়া। সঙ্গত কারণেই শিশুদের ন্যায় বয়স্কদেরও শিখন চাহিদা রয়েছে এবং তারা প্রতিনিয়তই নিত্য নতুন জিনিস শিখছে। তবে শিশু শিখনের চেয়ে বয়স্কদের শিখনের প্রকৃতি ও ধরনে ভিন্নতা রয়েছে। বয়স্করা শিশুদের মত করে শিখে না বরং তারা শিখে যখন তারা সক্রিয়ভাবে অংশগ্রহণ করে এবং কী, কখন, কীভাবে তারা শিখছে তারা তা বুঝে শেখে। বয়স্ক শিখন সম্পর্কে অনেক তত্ত্ব রয়েছে। David A. Kolb এর তত্ত্বটি অন্যতম জনপ্রিয়। তাঁর মতে, অভিজ্ঞতাভিত্তিক শিখন একটি শিখন চক্রের চারটি স্তরের (Stage) মাধ্যমে আবর্তিত হয়।

৩। **সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট

৪। **শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

ক) বয়স্ক শিক্ষার্থীর বৈশিষ্ট্যবর্ণনা করতে পারবেন।

খ) শিশু শিখনের সাথে বয়স্ক শিখনের পার্থক্য বলতে পারবেন।

গ) David A. Kolb এর তত্ত্ব অনুসারে অভিজ্ঞতাভিত্তিক শিখন চক্রটি ব্যাখ্যা করতে পারবেন।

ঘ) শিক্ষক প্রশিক্ষণে বয়স্ক শিখন তত্ত্বটির প্রয়োগ করতে পারবেন।

৫। **পদ্ধতি/কৌশল :** ব্রেইনস্টর্মিং, জোড়ায় কাজ, আলোচনা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ইত্যাদি।

৬। **সহায়ক সামগ্রী :** তথ্যপত্র, হোয়াইট বোর্ড, মার্কার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

৭। **অধিবেশনের বিবরণ**

**কাজ-১ :** বয়স্ক শিক্ষার্থীদের বৈশিষ্ট্য বলতে পারা। **সময়:** ১৫ মিনিট

- অংশগ্রহণকারীদের সাথে কুশল বিনিময় করুন। সকলকে নিয়ে আনন্দদায়ক কোন কাজের মাধ্যমে প্রশিক্ষণ সহায়ক পরিবেশ সৃষ্টি করুন।
- **'শিশু শিখনের চেয়ে বয়স্কদের শিখনের প্রকৃতি ও ধরণে ভিন্নতা রয়েছে'-** একজন অংশগ্রহণকারীকে ডেকে এ সম্পর্কে ১ মিনিট তার মন্তব্য বলতে বলুন। তার মতামতের সাথে অন্যান্যরা একমত কিনা জিজ্ঞেস করুন। একমত থাকলে কারণগুলো বলতে বলুন ও একজন অংশগ্রহণকারীর সহায়তায় বোর্ডে লিখুন। প্রাপ্ত মতামতের সূত্র ধরে বলুন, 'প্রত্যেক বয়স্ক ব্যক্তির জ্ঞান, অভিজ্ঞতা, বিশ্বাস ইত্যাদি আলাদা' এগুলোই হলো বয়স্ক শিক্ষার্থীদের বৈশিষ্ট্য। 'বয়স্ক শিক্ষার্থীদের আর কী কী বৈশিষ্ট্য হতে পারে?' জিজ্ঞেস করুন এবং জোড়ায় আলাপ করে বলতে বলুন। বোর্ডে পূর্বের তালিকার সাথে মতামতগুলো যোগ করুন।
- অতপর পূর্বে প্রস্তুতকৃত 'বয়স্ক শিক্ষার্থীদের বৈশিষ্ট্য' সম্বলিত স্লাইড উপস্থাপনের সাহায্যে ধারণাটি অংশগ্রহণকারীগনের নিকট পরিস্কার করুন।
- অংশগ্রহণকারীগণের উদ্দেশ্যে বলুন, 'বয়স্ক শিখন সম্পর্কে বিভিন্ন তত্ত্ব রয়েছে। সে সকল তত্ত্বের আলোকে এ বৈশিষ্ট্যগুলো শনাক্ত করা হয়েছে।'

**কাজ-২ :**শিশু শিখনের সাথে বয়স্ক শিখনের পার্থক্য বলতে পারা। **সময়:** ১৫ মিনিট

- 'শিশু শিখন ও বয়স্ক শিখনের মধ্যে কোন্ কোন্ ক্ষেত্রে পার্থক্য করা যায় ?- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে প্রশ্নটি করুন, অংশগ্রহণকারীদের ব্রেইনস্টর্মিং এর সুযোগ দিন এবং কয়েকজনের নিকট থেকে উত্তর নিয়ে বোর্ডে লিখুন।
- অতপর পূর্বে প্রস্তুতকৃত 'শিশু শিখন ও বয়স্ক শিখনের মধ্যে পার্থক্য' সম্বলিত স্লাইডটি উপস্থাপনের মাধ্যমে বিষয়টি অংশগ্রহণকারীগণের নিকট পরিস্কার করুন।

**কাজ-৩ :** বয়স্ক শিখন সম্পর্কিত ডেভিড কোল্ব এর তত্ত্বটি ব্যাখ্যা করতে পারা। **সময়:** ৫৫ মিনিট

- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলুন, বয়স্করা কীভাবে শেখে সে সম্পর্কে আনেক গবেষণা হয়েছে এবং তারই ফলশ্রুতিতে বয়স্ক শিখন সম্পর্কে অনেক তত্ত্ব গড়ে উঠেছে। এদর মধ্যে David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখন তত্ত্ব এবং অধ্যাপক Malcom S. Knowles এর বয়স্ক শিখন তত্ত্ব বিশেষভাবে উল্লেখযোগ্য। এ অধিবেশনে David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখন তত্ত্বটি সম্পর্কে আমাদের ধারণা পরিস্কার করব।
- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলুন, David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখনতত্ত্বের মোট চারটি ধাপ রয়েছে। প্রশ্ন করুন এ চারটি ধাপ কী হতে পারে? প্রাপ্ত উত্তরগুলো বোর্ডে লিখুন।
- অতঃপর অংশগ্রহণকারীদেরকে উদ্দেশ্যে বলুন, David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখনতত্ত্বটির চারটি ধাপ হলো:
  - সক্রিয় পরীক্ষণ (Active Experimentation)
  - প্রতিফলনমূলক পর্যবেক্ষণ (Reflective Observation)
  - বিমূর্ত অবধারণা (Abstract Conceptualization)
  - সুনির্দিষ্ট অভিজ্ঞতা (Concrete Experience)
- পূর্বে প্রস্তুতকৃত স্লাইডের সাহায্যে David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখন তত্ত্বটির চারটি ধাপ প্রদর্শন করুন এবং প্রয়োজনীয় ব্যাখ্যা/বর্ণনার সাহায্যে অংশগ্রহণকারীগণের নিকট পরিষ্কার করুন।
- সবশেষে বলুন, এই চারটি স্তর যেকোনো শিখনের ক্ষেত্রে অর্থাৎ ব্যক্তির প্রাত্যহিক জীবন থেকে শুরু করে সাংগ-ঠনিক পর্যায়ের যেকোনো শিখনের জন্যই প্রযোজ্য। এ শিখন চক্রটি পরিকল্পিতভাবেও প্রশিক্ষণ পদ্ধতি হিসেবে প্রয়োগ করা যেতে পারে, যেখানে চারটি স্তরের মাধ্যমে কোন কার্যক্রমকে শিক্ষণের জন্য নির্বাচন করা হয়ে থাকে।

৪। কাজ : ..............

- সকলকে ধন্যবাদ দিয়ে অধিবেশন শেষ করুন।

**৮। মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

* 'বয়স্ক শিক্ষার্থীদের ৩টি বৈশিষ্ট্য' বলুন।
* 'শিশু শিখন ও বয়স্ক শিখনের মধ্যে ৩টি পার্থক্য বলুন।
* David A. Kolb এর অভিজ্ঞতাভিত্তিক শিখন তত্ত্বটির চারটি ধাপের নাম বলুন এবং চতুর্থ ধাপটি ব্যাখ্যা করুন।

**৯। স্ব-অনুচিন্তন:**

ক) অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।
খ) দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।
গ) শিখনফল অর্জনে অনুসৃত কাজ যথেষ্ট ছিল কি? না থাকলে নতুন কী কাজ করা যেতে পারে চিন্তা করুন।
ক) সকলে শিখনফল অর্জন করতে পেরেছেন কি? না করতে পারলে তার জন্য কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন ছিল তা বলুন।
খ) অধিবেশন অংশগ্রহণমূলক ছিল কি?

দিন-১০

## ১। শিরোনাম: Malcom S. Knowles -এর বয়স্ক শিখনতত্ত্ব এবং পিটিআই পরিচালিত প্রশিক্ষণে বয়স্ক শিখন তত্ত্বের প্রয়োগ।

**২। মূলভাব:** শিখন একটি জীবনব্যাপী প্রক্রিয়া। তবে শিশু শিখনের চেয়ে বয়স্কদের শিখনের প্রকৃতি ও ধরনে ভিন্নতা রয়েছে। অধ্যাপক Malcom S. Knowles তার গবেষণায় দেখিয়েছেন যে, বয়স্করা কোন কিছু শেখার আগে জানতে চায় তারা শেখার জন্য যে শ্রম বিনিয়োগ করবে তাতে তাদের কী লাভ হবে এবং যদি না শেখে তাহলে তাতে তাদের কী ক্ষতি হতে পারে। বয়স্কদের বিচিত্র অভিজ্ঞতা তাদের শিখন প্রক্রিয়াকে বিভিন্নভাবে প্রভাবিত করে থাকে। বয়স্করা তাদের জীবনের সমস্যাকে কেন্দ্র করে শেখার প্রতি বেশি আগ্রহী হয় এবং তারা যখন দেখে যে শিক্ষা তাদের জীবনের বা কর্মক্ষেত্রের জন্য প্রযোজ্য তখনই তারা শিখতে চায়। বয়স্ক শিখনের এ ধারণাটি পিটিআইয়ের প্রশিক্ষণের ক্ষেত্রে প্রয়োগ করলে ভাল ফল পাওয়া যেতে পারে।

**৩। সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট

**৪। শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

(ক) অধ্যাপক Malcom S. Knowles এর বয়স্ক শিখন তত্ত্বটি ব্যাখ্যা করতে পারবেন।

(খ) বয়স্ক শিখন পরিচালনার ক্ষেত্রে বয়স্ক শিখন সম্পর্কিত তত্ত্বের প্রয়োগ করতে পারবেন।

**৫। পদ্ধতি/কৌশল : :** ব্রেইনস্টর্মিং, জোড়ায় কাজ, আলোচনা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন ইত্যাদি।

**৬। সহায়ক সামগ্রী :** তথ্যপত্র, হোয়াইট বোর্ড, মার্কার, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

## ৭। অধিবেশনের বিবরণ

**কাজ-১ :** অধ্যাপক Malcom S. Knowles এর বয়স্ক শিখন সম্পর্কিত তত্তটি ব্যাখ্যা করতে পারা। **সময়:** ৫৫ মিনিট

- অংশগ্রহণকারীদের সাথে কুশল বিনিময় করুন। সকলকে নিয়ে আনন্দদায়ক কোন কাজের মাধ্যমে প্রশিক্ষণ সহায়ক পরিবেশ সৃষ্টি করুন।
- অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে প্রশ্ন করুন, Malcom S. Knowles এর মতে, বয়স্করা কিছু ধারণার ভিত্তিতে শিখে থাকে, সেগুলো কী হতে পারে?
- প্রাপ্ত উত্তরগুলো কোন অংশগ্রহণকারীর সহায়তায় বোর্ডে লিখুন।
- অতপরঃ পূর্বে প্রস্তুতকৃত স্লাইড উপস্থাপনের সাহায্যে Malcom S. Knowles এর মতানুসারে ‘বয়স্ক শিক্ষার্থীদের শিখন সম্পর্কিত ধারণাগুলো’ অংশগ্রহণকারীগণের নিকট পরিস্কার করুন।

**কাজ-২ :** বয়স্ক শিখন পরিচালনার ক্ষেত্রে বয়স্ক শিখন সম্পর্কিত তত্ত্বের প্রয়োগ কৌশল বর্ণনা করতে পারা। **সময়:** ৩০ মিনিট

- অংশগ্রহণকারীগণকে ৫টি দলে ভাগ করুন। প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করুন। ‘বয়স্ক শিখন পরিচালনার ক্ষেত্রে বয়স্ক শিখন সম্পর্কিত তত্ত্বের প্রয়োগ কৌশল কী হতে পারে’? দলীয় আলোচনার মাধ্যমে কৌশলসমূহ সনাক্ত করে প্লেনারীতে উপস্থাপন করতে বলুন।
- অতপর পূর্বে প্রস্তুতকৃত ‘বয়স্ক শিখন সম্পর্কিত তত্ত্বের প্রয়োগ কৌশল’ সম্বলিত স্লাইড উপস্থাপনের সাহায্যে ধারণাটি অংশগ্রহণকারীগণের নিকট পরিস্কার করুন।
- সকলকে ধন্যবাদ দিয়ে অধিবেশন সমাপ্ত করুন।

**৮। মূল্যায়ন:** **সময়:** ৫ মিনিট

* Malcom S. Knowles এর মতানুসারে 'বয়স্ক শিক্ষার্থীদের শিখন সম্পর্কিত মতবাদটির সারাংশ বলুন।
* 'পিটিআইয়ে প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে বয়স্ক শিখন সম্পর্কিত উল্লেখিত দুটি তত্ত্বের ৪টি প্রয়োগকৌশল বলুন।

**৯। স্ব-অনুচিন্তন:**

ক) অধিবেশনটি কতটা দক্ষতার সাথে পরিচালনা করতে সক্ষম হয়েছেন, চিন্তা করুন।

খ) দলীয় কাজে সবার অংশগ্রহণ ছিল কি? কেউ নিষ্ক্রিয় থাকলে তার কারণ ভাবুন।

গ) শিখনফল অর্জনে অনুসৃত কাজ যথেষ্ট ছিল কি? না থাকলে নতুন কী কাজ করা যেতে পারে চিন্তা করুন।

ঘ) সকলে শিখনফল অর্জন করতে পেরেছেন কি? না করতে পারলে তার জন্য কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন ছিল তা বলুন।

ঙ) অধিবেশন অংশগ্রহণমূলক ছিল কি?

দিন-১০

## ১। শিরোনাম: শিখন-শেখানো বিষয়ক ধারণায়ন

২। **মূলভাব:** শিক্ষার বিভিন্ন স্তরের মধ্যে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রাথমিক শিক্ষা। আর মানসম্মত শিক্ষকইপারে মানসম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে যা আমাদের জাতীয় অঙ্গীকার। শিক্ষকগণই শিশুদের শারীরিক, মানসিক ও আবেগিক বিকাশ সাধনপূর্বক দেশাত্মবোধে, বিজ্ঞানমনস্কতায়, সৃজনশীলতায় ও উন্নত জীবনের স্বপ্নদর্শনে উদ্বুদ্ধ করে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলবে। এজন্য শিখন কী? শিশুরা কীভাবে শেখে? শিখনের উপাদানগুলো কী বা শিখনের সাধারণ বৈশিষ্ট্যসমূহ কী? এসব প্রশ্নের উত্তর জানা একজন শিক্ষকের জন্য জরুরি। আবার পাঠদানের সময় শিক্ষক কোনো সমস্যার সম্মুখীন হলে প্রধান শিক্ষক, ইউআরসি ইনস্ট্রাক্টর, সহকারি ইনস্ট্রাক্টর এর সহায়তায় তা সমাধান করে শিশুবান্ধব শিখন পরিবেশ নিশ্চিত করেন। তাই উক্তকর্মকর্তাদেরও শিখন কী, শিশুরা কীভাবে শেখে ইত্যাদি বিষয়গুলো জানা জরুরি।

৩। **সময় :** ১ ঘন্টা ১৫ মিনিট

৪। **শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

(ক) শিখন (Learning) কী তা বলতে পারবেন।

(খ) শিখনের  মূলনীতি (Learning Principles) বিবৃতকরতে পারবেন।

(গ) শিখন ডোমেইন (Learning Domain) ব্যাখ্যা করতে পারবেন।

(ঘ) শেখানো (Teaching) কী তা বলতে পারবেন।

(ঙ) শিখন ও শেখানোর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করতে পারবেন।

৫। **পদ্ধতি/কৌশল :** প্রশ্নোত্তর আলোচনা, প্রদর্শন, শনাক্তকরণ, প্লেনারি আলোচনা, দলগতকাজ, উপস্থাপন,

৬। **সহায়ক সামগ্রী :** প্রশ্নচার্ট, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র,ল্যাপ্টপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রভৃতি।

## ৭। অধিবেশনের বিবরণ

**কাজ-১ :** শিখন সম্পর্কিত ধারণা — **সময়:** ১০ মিনিট

- প্রশিক্ষণার্থীদের সাথে কুশল ও শুভেচ্ছা বিনিময় করুন।
- প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে বলুন, 'আপনারা আগে জানতেন না কিন্তু সম্প্রতি শিখেছেন এমন একটি বিষয়ের নাম বলুন এবং কীভাবে শিখেছেন তা ১ মিনিট চিন্তা করে বলুন। এভাবে কয়েকজনের অভিজ্ঞতা শুনুন।
- শিখন অভিজ্ঞতার সূত্র ধরে শিখনের ধারণা বলতে বলুন।
- ৪/৫ জনের ধারণা শুনুন এবং তাদের বক্তব্য সমন্বয়ে একটি শিখনেরধারণা বিবৃত করুন।
- শিখনের প্রকৃতি সমন্ধে বলুন
- দলগত কাজের মাধ্যমে শিখনের বৈশিষ্ট্য সমূহ লিখতে বলুন এবং দলের কাজগুলো সমন্বয়ে শিখনের বৈশিষ্ট্য সকলের সামনে তুলে ধরুন।

## দিন-১০

**কাজ-২ :** শিখনের মূলনীতি (Learning Principle) **সময়:** ২০ মিনিট

- প্রথমে আলোচনা করুন 'আমরা কিভাবে শিখি যেমন: মূর্ত থেকে বিমূর্ত, হাতে কলমে শেখা, দলগত শেখা, উৎসাহ প্রদানের মাধ্যমে' ইত্যাদি।
- এরপর রিসোর্স বইয়ের আলোকে পাওয়ার পয়েন্ট স্লাইডের মাধ্যমে অংশগ্রহণকারীদের সামনে বিভিন্ন প্রকার শিখনতত্ত্ব এবং শিখনতত্ত্ব অনুযায়ী শিখন শেখানো প্রক্রিয়ার উপস্থাপন করুন।
- বাস্তব উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন।
- মৌখিক প্রশ্নের মাধ্যমে অংশগ্রহণকারীদের বোধগম্যতা যাচাই করুন।

**কাজ-৩ :** শিখন ডোমেইনসম্পর্কিত ধারণা **সময়:** ১৫ মিনিট

- শিখনের প্রধান তিনটি ডোমেইন নিয়ে আলোচনা করুন
- প্রশিক্ষার্থীদের পূর্ব শিখন অভিজ্ঞতাগুলোকে ডোমেইনের আলোকে সাজাতে বলুন এবং প্রতিটি ডোমেইনের বাস্তব উদাহরণ দিন।
- ডোমেইনের ধাপগুলো আলোচনা করুন।
- প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের শিখনকে ডোমেইন অনুসারে আলোচনা করুন।

**কাজ-৪ :** শেখানোসম্পর্কিত ধারণা **সময়:** ১০ মিনিট

- অংশগ্রহণকারীগণের কাছে জানতে চান তারা শেখানো (Teaching) বলতে কী বুঝেন?
- ৫/৬ জনের অভিজ্ঞতা শুনুন এবং উক্ত অভিজ্ঞতার সমন্বয়ে শেখানোরধারণা দিন।

**কাজ-৫ :** শিখন ও শেখানোর মধ্যে সম্পর্ক **সময়:** ১৫ মিনিট

- অংশগ্রহণকারীদের ৫/৬টি দলে বিভক্ত করুন।
- প্রত্যেক দলকে অংশগ্রহণকারীদের তথ্যপুস্তক থেকে অংশটি দলগতভাবে পাঠ করতে বলুন।
- ধারণা সুস্পষ্ট করার জন্য নিজেদের মধ্যে আলোচনা করতে বলুন।
- আলোচনা শেষ করে মূলবক্তব্য পয়েন্ট হিসেবে অংশগ্রহণকারীদের নোট বইয়ে নোট করতে বলুন।
- দলীয় সিদ্ধান্ত পোস্টার পেপারে লিখে উপস্থাপন করতে বলুন। একদল উপস্থাপনের সময় অন্যদলের সদস্যদের প্রশ্ন থাকলে তা জিজ্ঞাসা করার আহবান জানান।
- আপনি শিক্ষার্থীদের উপস্থাপনা ও ধারণাকে সমৃদ্ধ করার জন্য উপযুক্ত প্রশ্ন করুন, ফলাবর্তন দিন।

**৮। মূল্যায়ন:** ৫ মিনিট

- নিম্নলিখিত প্রশ্নগুলো করা যেতে পারে,
  * শিখন কী?
  * শিখন ও শেখানোর মধ্যে সম্পর্ক কী?
  * শিশুরা কীভাবে শেখে?
  * শিখনের মূলনীতি গুলো কি?

**৯। স্ব-অনুচিন্তন**

- প্রতিটি কাজের বিপরীতে সময় বিভাজন সঠিক ছিল কি না?
- ব্যবহৃত উপকরণ ও উপস্থাপিত পদ্ধতি ফলপ্রসূ ছিল কি?
- বিকল্প কোনো উপায়ে অধিবেশনটি আরওভালো করা যায় কি না?

দিন-১১

## ১। শিরোনাম: শিখন-শেখানোর বিভিন্ন পদ্ধতি ও কৌশল

**২। মূলভাব:** শিক্ষক শ্রেণিকক্ষে যে পথ অনুসরণ করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনা করেন, তাকে সাধারণভাবে শিক্ষণ পদ্ধতি বা শিখন-শেখানো পদ্ধতি বলা যেতে পারে। আমাদের দেশে শিক্ষকগণ শ্রেণিকক্ষে বিভিন্ন ধরনের পদ্ধতি ও কৌশল ব্যবহার করে থাকেন।

**৩। সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট

**৪। শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

(ক) শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল কি তা বলতে পারবে।

(খ) শিখন-শেখানো পদ্ধতি ও কৌশলের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে পারবে।

(গ) প্রাথমিক স্তরে শিক্ষার্থীদের উপযোগী শিখন-শেখানো পদ্ধতিসমূহ কার্যকারিতাসহ বিবৃত করতে পারবেন।

(ঘ) শিখন-শেখানোরবিভিন্ন কৌশল বিশ্লেষণ করতে পারবেন

**৫। পদ্ধতি/কৌশল :** প্রশ্নোত্তর আলোচনা, প্রদর্শন, শনাক্তকরণ, প্লেনারি আলোচনা, দলগতকাজ, উপস্থাপন,

**৬। সহায়ক সামগ্রী :** প্রশ্নচার্ট, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র, মাল্টিমিডিয়া প্রজেক্টর ইত্যাদি।

## ৭। অধিবেশনের বিবরণ

**কাজ-১ :** শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল **সময়:** ১৫ মিনিট

- প্রশিক্ষণার্থীদের সাথে কুশল ও শুভেচ্ছা বিনিময় করুন।
- প্রশিক্ষণার্থীদের প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকরা কিভাবে পড়াতেন তা জিজ্ঞাসা করুন এবং কয়েকজনের অভিজ্ঞতা শুনুন।
- শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল সমন্ধে ধারণা দিন।
- শিখন-শেখানো পদ্ধতি ও কৌশলের পার্থক্য উদাহরণসহ বিবৃত করুন।
- প্রশিক্ষণার্থীদের সামনে বিভিন্ন প্রকারের শিখন-শেখানো পদ্ধতি ব্যাখ্যা করুন।
- বিদ্যালয়ে কোন ধরনের পদ্ধতি শিক্ষকরা ব্যবহার করেন প্রশিক্ষার্থীদের নিকট হতে জানুন।

**কাজ-২ :** শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল **সময়:** ২৫ মিনিট

- প্রশিক্ষণার্থীদের ৭টি দলে ভাগ করুন। প্রতিদলে তথ্যপুস্তক থেকে শিখন-শেখানোর পদ্ধতি পড়ে আলোচনা করতে বলুন।
- পোস্টার পেপার বিতরণ করুন এবং প্রতিটি দলকে বিভিন্নশিখন-শেখানো পদ্ধতির মূল ধারণা ও এর সুবিধা-অসুবিধা সম্পর্কে লিখতে বলুন।

| | |
|---|---|
| দল ১ | আলোচনা পদ্ধতি |
| দল ২ | প্রশ্ন-উত্তর পদ্ধতি |
| দল ৩ | প্রদর্শন পদ্ধতি |
| দল ৪ | বক্তৃতা পদ্ধতি |
| দল ৫ | পরীক্ষণ পদ্ধতি |
| দল ৬ | কর্মভিত্তিক পদ্ধতি |
| দল ৭ | সমস্যা-সমাধান পদ্ধতি |

## দিন-১১

- লেখা শেষে অংশগ্রহণকারীদের লেখাগুলো পুশপিন বোর্ডে লাগিয়ে আলোচনা করুন।
- আরও কিছু শিখন-শেখানো পদ্ধতি প্রশিক্ষার্থীদের সামনে তুলে ধরুন এবং আলোচনা করুন।
- বিভিন্ন শিখন-শেখানো পদ্ধতির বাস্তব ভিত্তিক উদাহরণ দিন।
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করার সুযোগ দিয়ে অংশগ্রহণকারীদের ধারণা পরিষ্কার করুন।

**কাজ-৩ :** শিখন-শেখানোকৌশল **সময়:** ২০ মিনিট

- প্রশিক্ষণার্থীদের বিদ্যালয়ের শ্রেণিতে ব্যবহৃত বিভিন্ন কৌশল বিবৃত করবে এবং নিজ বিদ্যালয়ে কি কি কৌশল ব্যবহৃত হত তার একটি তালিকা তৈরি করতে বলুন।
- কয়েকজনের নিকট হতে ব্যবহৃত কৌশল শুনে, বিভিন্ন রকমের শিখন-শেখানো কৌশল আলোচনা করুন।
- প্রশিক্ষার্থীদের কয়েকটি দলে ভাগ করুন, নিদিষ্ট শিখন-শেখানো কৌশল (লোটারির মাধ্যমে নির্বাচিত) ব্যবহার নির্ধারিত সময়ে করে উপস্থাপন করতে বলুন।

| | |
|---|---|
| দল ১ | মাইন্ড ম্যাপিং |
| দল ২ | ব্রেইন স্টমিং ও মডেলিং |
| দল ৩ | পিয়ার টিউটরিং ও ধাঁ ধাঁ |
| দল ৪ | প্যানেল আলোচনা |
| দল ৫ | ভূমিকা অভিনয় |

- কৌশলগুলোর উপযোগিতা আলোচনা করুন এবং বাকী কৌশলগুলোও উপস্থাপন করুন।
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করার সুযোগ দিয়ে অংশগ্রহণকারীদের ধারণা পরিষ্কার করুন।

**কাজ-৪ :** অধিক শিশু সংবলিত শ্রেণিতে শিখন-শেখানোকৌশল **সময়:** ১০ মিনিট

- শিক্ষার্থী সংখ্যা অধিক হলে কি কি সমস্যা হতে পারে তা অংশগ্রহণকারীদের নিকট জানুন এবং তা হোয়াইট বোর্ডে লিপিবব্ধ করুন।
- আর এ রকম অধিক শিক্ষার্থীর শ্রেণিকক্ষে শিক্ষকরা কি কি কৌশল ব্যবহার করেন তা কয়েকজন প্রশিক্ষণার্থীর নিকট জানুন।
- প্রশিক্ষণার্থীদের বিবৃত কৌশলগুলোর উপযোগিতা আলোচনা করুন এবং অধিক শিক্ষার্থীদের জন্য আরও কি কি কার্যকরী কৌশল ব্যবহার করা যায় তা উপস্থাপন করুন।

**৮। মূল্যায়ন:** **সময় :** ৫ মিনিট

নিচে প্রদত্ত প্রশ্নের আলোকে অংশগ্রহণকারীগণের ধারণা যাচাইয়ের জন্য উত্তর আহবান করুন,

* শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল বলতে কী বোঝায়?
* শিখন-শেখানো পদ্ধতি ও কৌশলের পার্থক্য কি?
* প্রাথমিক বিদ্যালয়ে কোন ধরণের পদ্ধতি ও কৌশল বেশি উপযোগী?
* অধিক শিক্ষার্থী সংবলিত ক্লাসে কিভাবে পাঠ পরিকল্পনা করা বেশি কার্যকর হবে?

**৯। স্ব-অনুচিন্তন:**

- শিক্ষার্থীরা অধিবেশনে যে ধারণা পেয়েছেন তা কতটা সুসংহত?
- ব্যবহৃত পদ্ধতি ও কৌশল শিক্ষার্থীদের শিখনের জন্য কতটা সহায়ক ছিল?
- অধিবেশনে অনুসৃত পদ্ধতি কতটা অংশগ্রহণকারী-বান্ধব ছিল?
- অধিবেশন কার্যাবলি আরওউন্নত করতে হলে কী পদক্ষেপ নিতে হবে?

দিন-১১

**১। শিরোনাম: শিক্ষক্ষেত্রে মূল্যবোধ, সম্পর্ক স্থাপন ও স্বদেশপ্রেম।**

**২। মূলভাব:** দৈনন্দিন সমাজ জীবনে মানুষের ব্যক্তিগত ও সমষ্টিগত আচরণ যে নীতির ভিত্তিতে পরিচালিত ও নিয়ন্ত্রিত হয় আমরা সেগুলোকেই সামাজিক মূল্যবোধ হিসেবে আখ্যায়িত করে থাকি। পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে শৃঙ্খলা, ঐক্য প্রতিষ্ঠা, ব্যক্তি ও সমাজের সম্পর্ক নির্ণয় সামাজিক মূল্যবোধ দ্বারাই সম্ভব। মূল্যবোধ প্রতিষ্ঠা পেলে ব্যক্তির সাথে ব্যক্তির পেশাগত ও আদর্শগত সম্পর্ক প্রতিষ্ঠা পায়। আবার দেশপ্রেমের উপলব্ধি সকলকে স্বাধীনভাবে চিন্তা করতে অনুপ্রাণিত করে। দেশপ্রেম হলো শান্তি ও সাফল্যমন্ডিত জীবন যাপনের এক অনিবার্য সূত্র। প্রত্যেক মানুষ তার নিজ নিজ অবস্থানে থেকে সামান্য একটু ত্যাগ, উন্নয়নের জন্য পদক্ষেপ ইত্যাদির মাধ্যমে দেশকে এগিয়ে দিতে পারে অনেকখানি। শিক্ষাক্ষেত্রে মূল্যবোধ, সম্পর্ক স্থাপন ও স্বদেশপ্রেমের আজ ভীষণ প্রয়োজন। এ অধিবেশনে এ সম্পর্কে একটি ধারণা প্রদান করা হয়েছে, যার ফলশ্রুতিতে পেশাজীবিগণ নিজেকে এবং অংশীজনদের এ ধারণায় উদ্বুদ্ধ করবেন।

**৩। সময় :** ১ ঘন্টা ৩০ মিনিট

**৪। শিখনফল :**এ অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

(ক) মূল্যবোধ ও সম্পর্ক স্থাপনের ধারণা ব্যাখ্যা করতে পারবেন

(খ) মূল্যবোধ সৃষ্টিতে শিক্ষকের করণীয় উল্লেখ করতে পারবেন

(গ) শিখন শেখানো কাজে সম্পর্ক উন্নয়নের কতিপয় দিক চিহ্নিত করতে পারবেন

(ঘ) স্বদেশপ্রেম জাগ্রত করতে শিক্ষকের ভূমিকা পর্যালোচনা করতে পারবেন

**৫। পদ্ধতি/কৌশল :** প্রশ্নোত্তর আলোচনা, প্লেনারি আলোচনা, দলগতকাজ, উপস্থাপন।

**৬। সহায়ক সামগ্রী :** প্রশ্নচার্ট, পোস্টার পেপার, মার্কার, তথ্যপত্র

**৭। অধিবেশনের বিবরণ**

**কাজ-১ :** মূল্যবোধ ও সম্পর্ক স্থাপনের ধারণা ব্যাখ্যা করা **সময়:** ১৫ মিনিট

- অংশগ্রহণকারীগণকে দুই দলে ভাগ হতে বলুন।
- প্রশিক্ষণ কক্ষের দুই কোণায় দুটি ফ্লিপচার্ট স্ট্যান্ডে পোস্টার পেপার আটকে দিন।
- লটারির মাধ্যমে একদলকে **মূল্যবোধ** এবং অপর দলকে **সম্পর্ক স্থাপন** নামকরণ করুন।
- দুই দলের অংশগ্রহণকারীগণকে স্ব স্ব ফ্লিপচার্টমুখী হয়ে লাইন দিয়ে দাঁড়াতে বলুন।
- লাইনের প্রথম অংশগ্রহণকারীর নিকট হোয়াইট বোর্ড মার্কার প্রদান করুন।
- বলুন- সংকেত দেওয়ার সাথে সাথে প্রাপ্ত টার্ম (মূল্যবোধ/সম্পর্ক স্থাপন) সম্পর্কে কোন দল কত বেশি তথ্য প্রদান করতে পারে তা দেখা হবে। একজন একটি তথ্য প্রদান করবেন এবং তিনি তার দলের লাইনের শেষে এসে দাঁড়াবেন। এভাবে পর্যায়ক্রমে লিখতে হবে। ২ মিনিট সময় দিন।
- সময় শেষ হলে লিখিত পোস্টারগুলো প্রশিক্ষণ কক্ষের সামনে প্রদর্শন করুন এবং দলের একজনকে ব্যাখ্যা প্রদান করতে বলুন।
- সহায়ক তথ্যপত্রের আলোকে এ সম্পর্কিত ধারণা স্পষ্ট করুন।